

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ২৭-০৫-২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন, চেয়ারম্যান।
তারিখ	: ২৭-০৫-২০১৯ খ্রিঃ।
সময়	: ১১.০০ ঘটিকা।
স্থান	: মবক এর সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ০৬-০৫-১৯ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/ শাখা
১.	<b>অনিশ্চিত বিষয়াদিঃ</b> (ক) মবক কর্তৃক পরিচালিত হাসপাতালে কর্মরত সিনিয়র স্টাফ নার্সের বেতন স্কেল ও পদমর্যাদায় উন্নীতকরণ। (খ) মবক'র সকল কর্মকর্তা-কর্মচারিকে বন্দর এলাকায় সপরিবারে বসবাস প্রসঙ্গে। গ) মবক'র শূন্য পদের জনবল নিয়োগ। ঘ) মোংলা বন্দর কর্তৃপক্ষের সেট-আপ (সাপ্তাহিক কাঠামো) যুগোপযোগীকরণ।	(ক) জনপ্রশাসন মন্ত্রণালয় এর চাহিত তথ্যাদি (চেকলিষ্ট অনুযায়ী) ২৭-০১-১৯ তারিখে নৌপম এ পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তা জানান যে, পদ উন্নীতকরণ বিষয়ে স্পষ্টীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে পত্র পাওয়া গিয়েছে। তদানুযায়ী জবাব প্রেরণের কার্যক্রম চলমান। (খ) মোংলা বন্দর কর্তৃপক্ষের সকল কর্মকর্তা-কর্মচারিকে বন্দর এলাকায় সপরিবারে বসবাসের জন্য ভারতীয় অর্থায়নে (LoC-3) বাস্তবায়নের জন্য প্রস্তাবিত আপগ্রেডেশন অব মোংলা পোর্ট শীর্ষক প্রকল্পে আবাসিক বহুতল ভবন অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রকল্পটির উপর গত ২০-০৯-১৮ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে পরবর্তী কার্যক্রমের জন্য গত ২০-১১-১৮ তারিখে নৌপম এ প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পটির উপর গত ১৮-০১-১৯ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে আন্তঃ মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। বিষয়টি একনেকে অনুমোদনের অপেক্ষায় আছে। গ) মবক'র শূন্য পদের জনবল দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান। মবক কর্তৃক গত ১১-০৮-১৮ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত ৩য় ও ৪র্থ শ্রেণির ৩১৪টি পদে যাতে নিয়োগ সংক্রান্ত কোনরূপ কার্যক্রম গ্রহণ করতে না পারে, তৎমর্মে অস্থায়ী এবং অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা প্রার্থনা করে জনৈক জুয়েল মহলদার, সাং-বুড়িরডাঙ্গা, মোংলা, বাগেরহাট, বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ২য় আদালত, বাগেরহাটে দেওয়ানী-৩১/১৯ মামলা দায়ের করেছে। মবক এ ৩য় ও ৪র্থ শ্রেণির পদে নিয়োগের উপর জনৈক জুয়েল মহলদার কর্তৃক বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ২য় আদালত, বাগেরহাটে দায়েরকৃত দেওয়ানী-৩১/১৯ মামলায় গত ২৬-০৫-১৯ তারিখে জবাব ও আপত্তি দাখিল করা হয়েছে। এছাড়া মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে জরুরী ভিত্তিতে শুনানী করার জন্য আইন উপদেষ্টার মাধ্যমে দরখাস্ত দাখিল করা হয়েছে। ১ম ও ২য় শ্রেণি পদের গত ১৫,১৭ ও ২৫ মে ২০১৯ তারিখে ধার্যকৃত নিয়োগ পরীক্ষায় ২০ জনকে চূড়ান্তভাবে মনোনীত করা হয়েছে। ঘ) গত ১৫-১০-২০১৮ তারিখে নৌপম এর চাহিত তথ্যাদি গত ০৯-০৫-১৯ তারিখে পুনরায় নৌপমে প্রেরণ করা হয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিভাগের ন্যায় মবকতেও পদ সৃজন করা যায় কিনা সে বিষয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের নিকট হতে মতামত গ্রহণ করা যেতে পারে। সদস্য (হাঃ ও মেঃ) মহোদয় তাঁর বিভাগ সংশ্লিষ্ট সেট-আপ সংশোধন করে প্রশাসন বিভাগে প্রস্তাবনা পেশ করবেন মর্মে আলোচনা হয়।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।  এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।  মামলাটি দ্রুত নিষ্পত্তি করতে হবে।  অবশিষ্ট পদে জরুরী ভিত্তিতে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে নৌপম এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।  সংশোধনী সেট-আপ প্রাপ্তির পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান চিকিৎসা কর্মকর্তা  সিঃ ও হাঃ বিভাগ  প্রশাসন বিভাগ  প্রশাসন বিভাগ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
২.	শূন্যপদে জনবল নিয়োগ প্রসঙ্গে	শূন্য পদে জনবল নিয়োগের বিষয়ে সংশ্লিষ্ট শাখা কর্তৃক নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হয়ঃ- ১। ছাড়পত্র প্রাপ্ত পদ- ৯২০টি। বিজ্ঞপ্তি জারীকৃত পদ- ৪১৭টি। লিখিত/মৌখিত পরীক্ষায় উত্তীর্ণ পদ- ১০৮টি। পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে- ৩৪টি। পুলিশ ভেরিফিকেশনের জন্য প্রেরিত ১ম ও ২য় শ্রেণি- ৪টি। পুলিশ ভেরিফিকেশনের জন্য প্রেরিত ৩য় ও ৪র্থ শ্রেণি- ২৯টি। চূড়ান্ত নিয়োগ/যোগদান- ১৭টি। ছাড়পত্রের জন্য প্রেরণ ২৪ ক্যাটাগরির ৩২১টি পদ (৪র্থ শ্রেণি), তারিখঃ ০৫-০৫-২০১৯। নিয়োগ বিজ্ঞপ্তি জারীর অপেক্ষায় ৭ ক্যাটাগরির ১৮২টি পদ (৪র্থ শ্রেণি)।	দুত নিয়োগের ব্যবস্থা করতে হবে।	প্রশাসন বিভাগ (কর্ম শাখা)
৩.	অডিট আপত্তি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে	১। অডিট আপত্তি নিষ্পত্তিকরণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হয়ঃ- ১। (ক) মে-১৯ মাসে কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি। (খ) মে-১৯ মাসে কোন ০৩ টি আপত্তির মিম্যাংসাপত্র পাওয়া গিয়েছে। (গ) ২৭-০৫-২০১৯ তারিখ পর্যন্ত অমীমাংসিত আপত্তির সংখ্যা (২২৪-৩) = ২২১ টি। অমীমাংসিত আপত্তির সংখ্যা ২২১ টি ; যার বিভাজন নিম্নরূপঃ i) সাধারণ আপত্তি ১২২ টি। ii) অগ্রীম আপত্তি ৮৩ টি। iii) সিএজি রিপোর্টভুক্ত ১৬ টি।  আগামি জুন ১৯ মাসে সরকারি অডিট টিম মবক এর সার্বিক কার্যক্রমের উপর নিরীক্ষাকরণের জন্য মবক-তে আগমন করবেন।  ২। গত ১১-০৪-২০১৯ খ্রিঃ একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় শর্ত স্বাপেক্ষে ১০ টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী গত ২৫-০৪-১৯ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে।	অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সকলকে সহযোগিতা করতে হবে।  আগত সরকারি নিরীক্ষা দলকে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক সার্বিক সহযোগিতা করতে হবে।  ২। মীমাংসাপত্র জারীর বিষয়ে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
৪.	মামলা সংক্রান্ত	বিভিন্ন আদালতে মবক সংশ্লিষ্ট ১৭৫ টি মামলা চলমান আছে। (তন্মধ্যে সচিব মহোদয় বিবাদী হিসেবে আছেন ৩৬ টি মামলায়)। মবক বাদী হিসেবে আছে ৭১ টি মামলায়। মবক বিবাদী হিসেবে আছে ১০৪ টি মামলায়। <b>মে ২০১৯ মাসে কোন মামলা নিষ্পত্তি হয়নি এবং নতুন কোন মামলা দায়ের হয়নি।</b>	মামলাসমূহ দুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন বিভাগ (ই আর শাখা)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
৫.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি সংক্রান্ত	<p>ক) <b>যে কোন উপায়ে মোংলা বন্দরকে সচল রাখা-</b> মোংলা বন্দর কার্যকরীভাবে সচল আছে। বর্তমান সরকারের সক্রিয় পদক্ষেপের ফলে ২০১৭-১৮ অর্থবছরে রেকর্ড সংখ্যক ৭৮৪টি জাহাজ এবং ৯৭.১৬ লক্ষ মেট্রিকটন কার্গো হ্যান্ডেল করা হয় এবং ২৬৬.৪২ কোটি টাকার অধিক রাজস্ব অর্জন করা সম্ভব হয়েছে। এপ্রিল-১৯ মাসে ৭৩টি (তিয়াত্তর) জাহাজ হ্যান্ডেলিং করা হয়েছে।</p> <p>খ) <b>মোংলা বন্দরের কার্যকরী ব্যবহার ও সক্ষমতা বৃদ্ধি করা-</b> মোংলা বন্দর কার্যকরীভাবে সচল আছে। গত ২০০৯ সাল হতে ক্রমাগত জাহাজের সংখ্যা, কার্গোর পরিমাণ ও রাজস্ব আয় প্রতি বছর প্রায় ২৫%-৩০% হারে বৃদ্ধি পেয়েছে। মোংলা বন্দরের সার্বিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০০৯ সাল হতে জুন ২০১৮ সাল পর্যন্ত জিওবি অর্থায়নে ১৩টি এবং নিজস্ব অর্থায়নে ৩০টির অধিক উন্নয়ন প্রকল্প/কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে ১১টি প্রকল্প বাস্তবায়নাধীন, ০৬টি উন্নয়ন প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন এবং ০৪টি প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হচ্ছে।</p> <p>গ) <b>(১) মোংলা উপজেলার পশুর নদী ডেজিং করা-</b> মোংলা বন্দরের পশুর চ্যানেলের নাব্যতা বজায় রাখার জন্য ডেজিং কার্যক্রম হাতে নেয়া হয়েছে। নভেম্বর-২০১৩ হতে এপ্রিল-২০১৯ পর্যন্ত মোংলা বন্দরের পশুর চ্যানেলের বিভিন্ন স্থানে মোট ৬২.৮৩ লক্ষ ঘনমিটার ডেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। হিরণ পয়েন্টের নীলকমলখালে ১.৯০ লক্ষ ঘনমিটার ডেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। জেটির সম্মুখে ৩.৬০ লক্ষ ঘনমিটার ডেজিং করা হয়েছে। ফলে স্বাভাবিক জোয়ারে ৭.৫ মিটার গভীরতা জাহাজ নির্বিঘ্নে বন্দরে আগমন-নির্গমন করতে পারছে। "মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত ক্যাপিটাল ডেজিং" শীর্ষক প্রকল্পের অধীনে প্রায় ১৩ কিঃ মিঃ নদী পথে ৩৮.৮১ লক্ষ ঘনমিটার ডেজিং কাজ চলছে। ইতোমধ্যে ২৩.৫০ লক্ষ ঘনমিটার ডেজিং সম্পন্ন করা হয়েছে। পশুর চ্যানেলের আউটার বারে ১০৪ লক্ষ ঘনমিটার ডেজিং কাজের মাটি ফেলার জন্য ডাইক নির্মাণ ও সার্ভে কাজ চলমান। জয়মনিরগোল এলাকায় ১৩.৯৪ লক্ষ ঘনমিটার ডেজিং এর জন্য সার্ভে কাজ চলছে। মোংলা বন্দরের চ্যানেলের ৮.৫ মিটার সিডি গভীরতা অর্জনের লক্ষ্যে "পশুর চ্যানেলে ইনারবারে ডেজিং" শীর্ষক একটি প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। প্রকল্পটির অধীনে প্রায় ২২৯.২৫ লক্ষ ঘনমিটার ডেজিং কাজ সম্পন্ন করা হবে। ভবিষ্যতে পুরো চ্যানেলটিতে ১০মিটার পর্যন্ত নাব্যতা বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে। সংরক্ষণ ডেজিং এর জন্য ২টি কাটার সাকশন ডেজার সংগ্রহ করা হয়েছে।</p> <p><b>(২) প্রতিবছর পশুর চ্যানেলে সংরক্ষণ ডেজিং করা-</b> মোংলা বন্দর চ্যানেলে ২০০৯ সাল হতে ৬২.৮৩ লক্ষ ঘনমিটার ডেজিং করা হয়েছে। আউটার বার ও জয়মনিরগোল এলাকায় এবং মোংলা বন্দর হতে রামপাল বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত প্রায় ১৫৬.১২ লক্ষ ঘনমিটার ডেজিং কাজের জন্য ০৩টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ইতোমধ্যে প্রায় ২৩.৫৯ লক্ষ ঘনমিটার ডেজিং করা হয়েছে। নিজ অর্থায়নে জেটি সম্মুখে ৩.৬০ লক্ষ ঘনমিটার এবং হিরনপয়েন্ট এর নীলকমল খালে ১.৯০ লক্ষ ঘনমিটার ডেজিং কাজ করা হয়েছে। এছাড়া "পশুর চ্যানেলে ইনারবারে ডেজিং" শীর্ষক একটি প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। প্রকল্পটির অধীনে প্রায় ২২৯.২৫ লক্ষ ঘনমিটার ডেজিং কাজ সম্পন্ন করা হবে।</p> <p>ঘ) <b>দেশের দক্ষিণ পশ্চিম অঞ্চলের জন্য একটি ধারণা পত্র তৈরী-</b> মোংলা বন্দর হতে বাংলাদেশের দক্ষিণাঞ্চলের সার্বিক উন্নয়নের জন্য একটি ধারণাপত্রগত ০২-০৮-২০১৭ তারিখে সূত্র নং- ১৮.১৪.০১৫৮.১২৪.২৭.০৪৩.২০১৭-১৭৩০ সংখ্যক পত্রের মাধ্যমে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া পরিবেশ অধিদপ্তর কর্তৃক সম্প্রতি দক্ষিণ-পশ্চিম অঞ্চলের ০৭টি জেলার উন্নয়নে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত ধারণাপত্রে মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি ফ্লাইওভার, টার্মিনাল, ইন্ডাস্ট্রি, ডাইভারশন রোড, ট্যুরিজমসিটি, ট্যুরিজম ইকোপার্ক, আধুনিক বিল্ডিং, টাওয়ার ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।</p>	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি সংক্রান্ত সকল নির্দেশনাগুলি যথাযথভাবে পালন করতে হবে এবং যথাসময়ে মন্ত্রণালয়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।	পরিকল্পনা কোষ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
৬.	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত	১। (ক) নৌপম হতে গত ১৪-০৩-১৯ তারিখের পত্রের মাধ্যমে মবক আইন-২০১৯ (প্রস্তাবিত) এর ৭৫ সেট প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। তদানুযায়ী গত ১৫-০৪-১৯ তারিখে মবক আইন-২০১৯ (প্রস্তাবিত) এর ৭৫ সেট নৌপম এ প্রেরণ করা হয়।  (খ) The Protection of Ports (Special Measures) Act. 1948 এর বিষয়ে নৌপম কর্তৃক ১৯-০৩-১৯ তারিখে তথ্যাদি চেয়ে পত্র প্রেরণ করেছেন। চাহিত তথ্যাদি গত ০১-০৪-১৯ তারিখে নৌপম এ প্রেরণ করা হয়েছে। বর্তমান আইনটি বাংলা বানান কোষ (বাবাকো) তে আছে।	নৌপম এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।  নৌপম এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রশাসন বিভাগ (ও এন্ড এম শাখা)
৭.	ব্লু-ইকোনমি কার্যক্রম সংক্রান্ত	১। মবক হতে ব্লু-ইকোনমি সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত নৌপম এ প্রেরণ করা হয়।  ২। ব্লু-ইকোনমি কার্যক্রম বাস্তবায়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন পূর্বক গত ২৬-০৭-২০১৮ তারিখে নৌপমে প্রেরণ করা হয়েছে। নৌপম সকল সংস্থার সমন্বয়ে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করেছে। নৌপম সংশ্লিষ্ট ব্লু-ইকোনমি কার্যক্রমের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী কৌশলগত কর্মপরিকল্পনা অনুযায়ী মবক সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের কাজ অব্যাহত রয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে মবক'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শেখ মাসুদ উল্লাহ, সহকারী পরিকল্পনা প্রধান এর যোগাযোগ রয়েছে।	১। এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে নৌপম এ প্রেরণ করতে হবে।  ২। ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সার্বক্ষণিকভাবে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে।	পরিকল্পনা কোষ
৮.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	মবক'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি প্রতিবেদন (জুলাই-মার্চ ১৯) গত ১৫-০৪-১৯ তারিখে নৌপম এ প্রেরণ করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সুষ্ঠুভাবে বাস্তবায়ন, মনিটরিং ও আপডেটকরণের লক্ষ্যে গত ২১-০৪-১৯ তারিখে মোংলা বন্দর কর্তৃপক্ষে ০৭ সদস্য বিশিষ্ট এপিএ টিম গঠন করা হয়।	এপিএ টিমকে নিয়মিত যোগাযোগ ও তদারকির মাধ্যমে এপিএ বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিকল্পনা কোষ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
৯.	জাতীয় শুদ্ধাচার কৌশল	<p>১। <u>শুদ্ধাচারঃ</u> মবক তে প্রতিমাসে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং শুদ্ধাচার নীতিমালা-২০১৭ এর আলোকে স্কোরের ভিত্তিতে প্রতি বছর দুই গ্রেডের দুইজন কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। গত ১৭-৪-১৯ তারিখে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন নৌপম এ প্রেরণ করা হয়েছে।</p> <p><u>ই-টেন্ডারিং :</u> মবকতে ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন হয়েছে ৪৬টি, চলমান আছে ৩৩টি। মে-১৯ মাসে মবকতে সাধারণ টেন্ডার হয়েছে ১০টি এবং ই-টেন্ডার হয়েছে ০৮টি।</p> <p><u>অনলাইন সেবাঃ</u> মবকতে ই-ফাইলিং এর পাশাপাশি দুটি সার্ভিসকে ই-সার্ভিসে রূপান্তরের কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যথাঃ ক। আমদানিকৃত মালামাল ট্রাক/ট্রেইলারে লোড করার পর নিরাপত্তা মেইন গেইট থেকে বের হবার জন্য e-cart ticket ব্যবস্থা। এবং খ। Import General Manifest (IGM) গ্রহণ, শিপিং এজেন্ট কর্তৃক C&amp;F এজেন্ট এর অনুকূলে ডেলিভারী অর্ডার প্রদান কার্যক্রম Online এ সম্পন্ন করা হচ্ছে।</p> <p><u>ই-ফাইলিং :</u> মবক'র সকল শাখার ই-নথি ব্যবহারকারীগণের আইডি পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন বিভাগ/শাখায় দীর্ঘদিন যাবৎ কতিপয় নোট ও ডাক অনিস্পন্ন রয়েছে। সভাপতি মহোদয় উক্ত অনিস্পন্ন নোট ও ডাক নিস্পন্নের জন্য সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) ও উচ্চমান সহকারী (ও এন্ড এম) কে নির্দেশনা প্রদান করেন। তদানুযায়ী উক্ত কর্মকর্তা ও কর্মচারী তদসময়ে সদস্য ই এন্ড ই ও সচিব (বোওজস) এর দপ্তরে উপস্থিত হয়ে অনিস্পন্ন ডাক ও নোট নিস্পন্ন সম্পন্ন করে সভাপতি মহোদয়কে অবহিত করেন। এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, মবক'র সকল বিভাগে ব্যবহৃত আইডি সমূহের অনিস্পন্ন ডাক ও নোট জরুরী ভিত্তিতে নিস্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p><u>উত্তাবনী ধারণাঃ</u> মবকতে বর্তমানে ইনোভেশন টিম কর্তৃক ০৩ টি উত্তাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যথাঃ- (ক) পেনশন সহজীকরণ- i. পিআরএল এর মঞ্জুরের খসড়া অফিস আদেশ যাচাই ও জারীর ক্ষেত্রে প্রচলিত ধাপ ৪৮ টি। অনুমোদিত ধাপ ১১টি। ii. অবসর সংক্রান্ত অফিস আদেশ যাচাই, জারী ও তদসংক্রান্ত কার্যাদির প্রচলিত ধাপ ৪৮ টি। অনুমোদিত ধাপ ১১ টি। iii. অবসরভাতার ফরম পূরণের ক্ষেত্রে প্রচলিত ধাপ ৪৭ টি। অনুমোদিত ধাপ ১৯টি। iv. বিল, ভাউচার ও চেক প্রস্তুতের ক্ষেত্রে প্রচলিত ধাপ ৩১ টি। অনুমোদিত ধাপ ১২ টি। (খ) জেটির পাড় ধস রোধঃ- জেটির পাড় ভেঙ্গে নিয়মিত ভূমি ধসের ফলে নাব্যতা রক্ষা দুরূহ পর্যায়ে ছিল। সীট পাইলিং এর মাধ্যমে যা প্রতিরোধ করতে প্রাক্কলিত ব্যয় ছিল ৭০ কোটি টাকা। বর্তমানে বিল্লি দিয়ে একটি উত্তাবনী পদ্ধতিতে মাত্র ৭০ লক্ষ টাকা দিয়ে উক্ত ভূমি ধস নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। এ বিষয়ে আগামী ৩১ মে ২০১৯ তারিখের মধ্যে কার্যকারী ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এবং (গ) ই-স্টোর ম্যানেজমেন্ট, বিদ্যমান ওয়্যার হাউজকে দ্বিতল কার পার্কিং সুবিধায় রূপান্তর করা।</p>	<p>শুদ্ধাচার সংক্রান্ত স্লোগান, প্যানা তৈরি করে মবক'র বিভিন্ন স্থানে টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>সংশ্লিষ্ট বিভাগের ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।</p> <p>অনলাইনের মাধ্যমে সেবা গ্রহীতাদের সেবা প্রদানের ব্যবস্থা করতে হবে।</p> <p>মন্ত্রণালয়ে পূর্বের ন্যয় মবক'র অবস্থান ধরে রাখার জন্য সকল বিভাগে ই-ফাইলিং এ অনিস্পন্ন নোট ও ডাক দ্রুত নিস্পন্নের ব্যবস্থা করতে হবে।</p> <p>ইনোভেশন টিম কে উত্তাবনী চর্চা যুগোপযোগী করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তদানুযায়ী দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>ট্রাফিক বিভাগ এবং বোর্ড ও জনসংযোগ বিভাগ,</p> <p>সকল বিভাগ</p> <p>ট্রাফিক বিভাগ,</p> <p>সকল বিভাগ</p> <p>ইনোভেশন টিম</p> <p>প্রধান প্রকৌঃ (যা: ও ত:)</p>

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
১০.	তথ্য অধিকার আইন (আরটিআই)	মোংলা বন্দর কর্তৃপক্ষে তথ্য অধিকার আইন (আরটিআই) এর আওতায় চাহিদা মাফিক প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করা হয়ে থাকে।	তথ্য অধিকার আইন অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সরবরাহের বিষয়গুলি নিশ্চিত করতে হবে।	প্রশাসন শাখা
১১.	অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত	প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পরিচালক (প্রশাসন) এর দপ্তরে প্রতি মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় শুনানীর মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা করা হয়।	কয়টি অভিযোগ পাওয়া গেল এবং কয়টি নিষ্পন্ন হলো তদসংক্রান্ত তথ্যাদি আগামি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	প্রশাসন শাখা
১২.	এডিপি বাস্তবায়ন	৩০ মে এর মধ্যে এডিপির সকল অর্থ ব্যয় করতে হবে। চট্টগ্রাম ও মোংলা বন্দর এর প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ খরচের ব্যাপারে প্রচেষ্টা অব্যাহত আছে।	২০১৮-১৯ অর্থ বছরের আরএডিপিতে বরাদ্দকৃত টাকা ১০০% ব্যয়ের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	পরিকল্পনা কোষ

**বিবিধ :**

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
i.	মবক'র হাসপাতালে কর্মরত নার্সদের সিনিয়র স্টাফ নার্সের বেতন স্কেলে ও পদমর্যাদায় উন্নীতকরণ এবং গ্রাচুইটির পরিবর্তে ১৭জন কর্মচারীকে পেনশন প্রদান প্রসঙ্গে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্য অনুযায়ী সিনিয়র স্টাফ নার্সদের পদ উন্নীতকরণ বিষয়ে নৌপম এ পত্র প্রেরণের কার্যক্রম চলমান। গ্রাচুইটির পরিবর্তে ১৭জন কর্মচারীকে পেনশন প্রদান বিষয়ে নৌপম এর চাহিদা অনুযায়ী গত ১৪-০৩-১৯ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।	মবক'র হাসপাতালে কর্মরত নার্সদের সিনিয়র স্টাফ নার্সের বেতন স্কেলে ও পদমর্যাদায় উন্নীতকরণ বিষয়ে দ্রুত পত্র প্রেরণ করতে হবে এবং গ্রাচুইটির পরিবর্তে ১৭ জন কর্মচারীকে পেনশন প্রদান বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান চিকিৎসা কর্মকর্তা
ii.	সিটিজেনস চার্টার হালনাগাদ	মবক'র সিটিজেনস চার্টার হালনাগাদ নেই। সকল বিভাগ/কোষ প্রধানগণের মতামতের ভিত্তিতে সিটিজেনস চার্টার হালনাগাদ করা যেতে পারে।	মবক'র সিটিজেনস চার্টার আপডেট করার জন্য চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সকল বিভাগীয়/কোষ প্রধানগণের সমন্বয়ে সভা করতে হবে।	সচিব (বোঃজস)
iii.	ওয়েবসাইট আপডেটকরণ।	এ বিষয়ে বোর্ড ও জনসংযোগ বিভাগ সার্বিক তত্ত্বাবধান করবেন।	মবক'র ওয়েবসাইট আপডেটকরণের জন্য স্ব-স্ব দপ্তর/শাখা তাদের সংশ্লিষ্ট বিষয়গুলো ওয়েবসাইটে আপলোড করবে।	সচিব (বোঃজস)
iv.	প্রশিক্ষণ সংক্রান্ত	প্রত্যেক বিভাগ/কোষে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করতে হবে। প্রশিক্ষণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গাইড লাইন নিয়ে আন্তঃ বিভাগীয়ভাবে প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং বাধ্যতামূলকভাবে ৬০ ঘন্টার প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	প্রত্যেক বিভাগ/কোষ প্রধানগণ স্ব-স্ব বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রশাসন বিভাগে প্রেরণ করবেন।	সকল বিভাগ / কোষ প্রধান
v.	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	ফোকাল পয়েন্ট কর্মকর্তার একটি তালিকা করতে হবে। ই-নথির ক্ষেত্রে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মোঃ সালাহ উদ্দিন কবির, সহঃ ব্যবঃ (কর্ম)-কে মনোনয়ন প্রদান করা হলো। প্রতি ১৫ দিন অন্তর অন্তর ই-নথির রিপোর্ট চেয়ারম্যান মহোদয়কে অবহিত করতে হবে। অটোমেশনের ক্ষেত্রে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মোঃ কামরুল ইসলাম কাওসার, সহঃ প্রকৌঃ (ইলেঃ)-কে মনোনয়ন প্রদান করা হলো। এবং ওয়েবসাইটের ক্ষেত্রে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মাকরুজ্জামান, উপসচিব-কে মনোনয়ন প্রদান করা হলো। মহিলা কর্মকর্তা-কর্মচারীদের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে বেগম ফজিলা খাতুন, সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) কে মনোনয়ন প্রদান করা হলো।	ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।	উপসচিব, সহকারী ব্যবস্থাপক (কর্ম), সহকারী ব্যবস্থাপক (প্রশাঃ) এবং সহঃ প্রকৌঃ (ইলেঃ)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন বিভাগ/শাখা
vi.	ইনোভেশন টিমের সদস্য সংযোজন।	নৌপমে অনুষ্ঠিত ইনোভেশন শোকেসিং কর্মশালায় প্রদর্শনের নিমিত্ত উল্লেখযোগ্য 'উদ্ভাবন' বাছাই সংক্রান্ত সভায় মবক'র ইনোভেশন টিমের সদস্য উর্ধ্বতন উপ-ব্যবস্থাপক (প্রশাসন) কে উপস্থিত থাকার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং উক্ত শোকেসিং সভার অগ্রগতি পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবেন মর্মে আলোচনা হয়।	নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম
vii.	বার্ণ হাউজ নির্মাণ	বার্ণ হাউজ নির্মাণের জন্য প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)-কে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	বার্ণ হাউজ নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ)
viii.	অফিস/শাখা পরিদর্শন	পরিচালক (প্রশাসন) জানান যে, সচিবালয় নির্দেশমালা অনুযায়ী উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক অধিনস্ত অফিস/শাখা সমূহ পরিদর্শন/দর্শনের নির্দেশনা রয়েছে।	পরিদর্শন/দর্শন কাজ বাস্তবায়নের জন্য পরিদর্শন ফর্ম প্রস্তুতসহ কোন কর্মকর্তা কখন/কিভাবে পরিদর্শন করবেন সে বিষয়ে প্রতিবেদন দেয়ার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো; ১। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা। ২। সচিব (বোঃজস), মবক, মোংলা। ৩। সিনিয়র হিসাব রক্ষণ কর্মকর্তা, মবক, মোংলা।	গঠিত কমিটি
ix.	সভা সংক্রান্ত	মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভা সম্পন্ন হলে পরবর্তী সপ্তাহে মবক'র সমন্বয় সভা করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	সভাপতির নির্দেশনা অনুযায়ী সময় ও তারিখ নির্ধারণপূর্বক সভা করতে হবে।	প্রশাসন বিভাগ।
x.	পবিত্র হজ্জের নীতিমালা প্রণয়ন	সভায় মবক'র কর্মকর্তা-কর্মচারীগণের পবিত্র হজ্জ পালনে ব্যবস্থা গ্রহণের জন্য ০১ (এক) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের জন্য আলোচনা হয়।	জনাব মোঃ জহিরুল হক, পরিকল্পনা প্রধান, মবক আগামী ০১ (এক) মাসের মধ্যে নীতিমালা তৈরি করে দাখিল করবেন।	গঠিত কমিটি
xi.	হেলমেট সংক্রান্ত	সংরক্ষিত জেটি এলাকায় কর্মরত লেবারদের ভিতরে প্রবেশের সময় হেলমেট পরিধান করতে হবে এবং বাহির হবার সময় উক্ত হেলমেট নিরাপত্তা কর্মীদের নিকট জমা প্রদান করতে হবে।	নিরাপত্তা বিভাগ কর্তৃক কমপক্ষে ১০০ টি হেলমেট ক্রয়ের বিষয়টি পরবর্তী সভায় অধিকতর আলোচনার জন্য পেশ করতে হবে।	প্রধান নিরাপত্তা কর্মকর্তা
xii.	ডক শ্রমিক হাসপাতাল	ডক শ্রমিক হাসপাতালটি শ্রমিকদের চিকিৎসার জন্য পুনঃ চালুর ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়।	এ বিষয়ে পরিচালক (প্রশাসন) ও পরিচালক (ট্রাফিক) মাননীয় মেয়র, খুলনা সিটি কর্পোরেশন এর সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করবেন।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক (ট্রাফিক)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/১০-০৬-১৯

চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).১৮-

২০১৯ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ/শাখা প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য ( ), মবক, মোংলা।
- ২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

স্বাক্ষরিত/১০-০৬-১৯

উর্ধ্বতন উপ-ব্যবস্থাপক (প্রশাসন)